ভেড়ামারায় পঁচা মরিচে রং দিয়ে মরিচের গুড়া তৈরি,জরিমানা আদায়

কুষ্টিয়ার ভেড়ামারায় পঁচা মরিচের সঙ্গে রং মিশিয়ে গুড়া মরিচ তৈরি ও বাজারজাত করার অপরাধে এক ব্যক্তিকে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভোক্তা সংলক্ষণ অধিদপ্তরের কর্মকর্তারা।

বুধবার (১১ জানুয়ারী) দুপুরে ভেড়ামারা উপজেলার বারোমাইল চাঁদগ্রাম এলাকায় এ অভিযান চালানো হয়।

এ সময় বিপুল পরিমান ভেজাল মরিচের গুড়া জব্দ করা হয়। পাশাপাশি আল-বারাকাহ মসলা ও অয়েল মিল কারখানার মালিককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, ভেড়ামারা উপজেলার বারোমাইল চাঁদগ্রাম এলাকায় আল-বারাকাহ মসলা ও অয়েল মিল নামে একটি প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে পঁচা মরিচের সঙ্গে রং মিশিয়ে গুঁড়া মরিচ তৈরি ও বাজারজাত করে আসছিল। খবর পেয়ে বুধবার দুপুরের দিকে ওই কারখানায় অভিযান চালায়। এতে বিপুল পরিমান পঁচা মরিচ জব্দ করা হয়। পরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর (৪৩) ধারায় কারখানার মালিককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। ভোক্তা-অধিকার নিশ্চিত করতে অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি।

অভিযানে সার্বিক সহযোগিতা প্রদান করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন।

এসময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।